ই - সংবাদ

সিপাহীজলা জেলায় চার জন পর্যবেক্ষক নিযুক্ত

আগরতলা,৩১ জানুয়ারী ।। রাজ্য বিধানসভা নির্বাচনে সিপাহীজলা জেলার ৯টি বিধানসভা কেন্দ্রের জন্য চার জন পর্যবেক্ষক নিযুক্ত হয়েছেন। ১২-টাকারজলা (এস টি) এবং ১৭-গোলাঘাটি (এস টি) বিধানসভা কেন্দ্রের জন্য পর্যবেক্ষক নিযুক্ত হয়েছেন ড. অশোক কুমার ভার্গব, আই এ এস। তাঁর মোবাইল নম্বর হলো ডড ৮৯৭৪৭৯২১৭৩।

সিপাহীজলা জেলার ১৫-কমলাসাগর, ১৬-বিশালগড় এবং ২০-বক্সনগর বিধানসভা কেন্দ্রের জন্য পর্যবেক্ষক নিযুক্ত হয়েছেন এফ আফতাব, আই এ এস। তাঁর মোবাইল নম্বর হলো ৯৪৫২৫৩০৪৯৩। ১৯-চড়িলাম (এস টি) এবং ২১-নলছড় (এস সি) বিধানসভা কেন্দ্রের জন্য পর্যবেক্ষক নিযুক্ত হয়েছেন উপেন্দ্রনাথ শর্মা, আই এ এস। তাঁর ফোন নম্বর হলো ৯৪৮৫৪৫৪৮০৫। ২২-সোনামুড়া এবং ২৩-ধনপুর বিধানসভা কেন্দ্রের জন্য পর্যবেক্ষক নিযুক্ত হয়েছেন সন্তোষ কুমার, আই এ এস। যোগাযোগের জন্য তাঁর মোবাইল নম্বর হলো ৮৪১৫৯৭৫০৮৫।

সিপাহীজলা জেলা শাসকের কার্যালয় থেকে জানানো হয়েছে, জেলা শাসক কার্যালয়ের টোল ফ্রি নম্বর হলো ১৮০০৩৪৫৩৬৭৯। বিশালগড় মহকুমা শাসকের অফিসের কন্ট্রোল রুমের নম্বর হলো ০৩৮১-২৩৬-১২৯৪, সোনামুড়া মহকুমা শাসকের অফিসের কন্ট্রোল রুমের নম্বর হলো ০৩৮১-২৭৫০২৪৫, জম্পুইজলা মহকুমা শাসকের অফিসের কন্ট্রোল রুমের নম্বর হলো ০৩৮১-২৮৬-৬২০১। নির্বাচন প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত কন্ট্রোল রুমগুলি দিনরাত খোলা থাকবে।

নির্বাচন : নগদে পঞ্চাশ হাজারের বেশি টাকা বহণ করা যাবে না

বিশালগড়,৩১ জানুয়ারী ।। আসন্ন ত্রিপুরা বিধানসভা নির্বাচন - ২০১৮ অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে সিপাহীজলা জেলার সমস্ত নাগরিকদের উদ্দেশ্যে জানানো যাচ্ছে যে, নির্বাচন প্রক্রিয়া চলাকালীন কোনও ব্যক্তি একসাথে নগদে পঞ্চাশ হাজার টাকার বেশি বহণ করবেন না। অন্যথায় আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। জেলা নির্বাচন আধিকারিকের কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।

সোনামুড়ায় ভোট গ্রহণ কর্মীদের মহড়া

সোনামুড়া, ৩১ জানুয়ারী ।। সোনামুড়া মহকুমার চারটি বিধানসভা কেন্দ্রের ভোট গ্রহণ কর্মীদের প্রথম পর্যায়ের মহড়া আজ সোনামুড়া এন সি ইনস্টিটিউশন হলে অনুষ্ঠিত হয়। আসন্ন বিধানসভা নির্বাচনে সোনামুড়া মহকুমার চারটি বিধানসভা কেন্দ্রে মোট ২১৩টি ভোট গ্রহণ কেন্দ্র থাকবে। ২০-বক্সনগর কেন্দ্রে ৫১টি, ২১-নলছড় (তপ: জাতি সংরক্ষিত) কেন্দ্রে ৫৫টি, ২২-সোনামুড়া কেন্দ্রে ৫১টি এবং ২৩-ধনপুর কেন্দ্রে ৫৬টি ভোট গ্রহণ কেন্দ্র খোলা হবে।

প্রতিটি ভোট গ্রহণ কেন্দ্রের জন্য পাঁচজন করে ১ হাজার ৬৫ জন ভোটকর্মী এবং রিজার্ভ সহ এগার শতাধিক ভোটকর্মীকে ইতিমধ্যে নিযুক্ত করা হয়েছে। আজ প্রথম পর্যায়ের মহড়ায় ভোট কর্মীদের প্রশিক্ষণ দেন নির্বাচন দপ্তরের আধিকারিক এবং সেকটর অফিসারগণ।

বিধানসভা নির্বাচন : সাব্রুমে পর্যবেক্ষক নিযুক্ত

সাব্রুম, ৩১ জানুয়ারী ।। সাব্রুম মহকুমার ৩৯-মনু (এস টি) এবং ৪০-সাব্রুম বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের জন্য ১ জন নির্বাচনী পর্যবেক্ষক নিযুক্ত হয়েছেন। এই দুইটি বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের জন্য সাধারণ পর্যবেক্ষক নিযুক্ত হয়েছেন ভূপিন্দর সিং (আই এ এস)। তাঁর মোবাইল নম্বর হল ৯৭৭৪৯৬৫১৩০ অথবা ০৩৮২৩ ২৭০২০৭। সাব্রুম রেভিনিউ ডাক বাংলোয় সকাল ১০টা থেকে দুপুর ১২টার মধ্যে নির্বাচন সংক্রান্ত বিষয়ে তাঁর সঙ্গে সাক্ষাৎ করা যাবে।

সাব্রুমে নির্বাচনী মহড়া অনুষ্ঠিত

সাব্রুম, ৩১ জানুয়ারী ।। আসন্ন ত্রিপুরা বিধানসভা নির্বাচন উপলক্ষ্যে গতকাল এবং আজ সাব্রুম ইংলিশ মিডিয়াম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ভোট গ্রহণ কর্মীদের মহড়া অনুষ্ঠিত হয়। দুই দিনে ৮০৪ জন ভোট কর্মী ভোট মহড়ায় অংশ নিয়েছেন। উল্লেখ্য, মহকুমার দুইটি বিধানসভা নির্বাচনী ক্ষেত্রে ১০০টি ভোট গ্রহণ কেন্দ্র রয়েছে।

বিধানসভা নির্বাচন : আকাশবাণী ও দূরদর্শনে রাজনৈতিক দলগুলির সম্প্রচার সূচি

আগরতলা,৩১ জানুয়ারী ।। ভারতের নির্বাচন কমিশনের নির্দেশানুসারে আসন্ন বিধানসভা নির্বাচনে বিভিন্ন রাজনৈতিক দলকে তাদের স্ব-স্ব বক্তব্য দূরদর্শন ও আকাশবাণীতে সম্প্রচারের জন্য সময়সূচি নির্ধারণ করা হয়েছে। সময়সূচি অনুযায়ী আগামী ৭ থেকে ১৫ ফেব্রুয়ারী পর্যন্ত দূরদর্শনে ও ৭ থেকে ১৪ ফেব্রুয়ারী পর্যন্ত আকাশবাণীতে বিভিন্ন রাজনৈতিকদল এই সম্প্রচারের সুযোগ পাবে।

আজ মহাকরণের প্রেস কনফারেন্স হলে সি পি আই (এম), সি পি আই, বিজেপি ও ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রতিনিধিদের উপস্থিতিতে লটারির মাধ্যমে এই সময়সূচি নির্ধারণ করেন রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক তাপস রায়।

সূচি অনুযায়ী সি পি আই (এম) দল দূরদর্শনে ২১৮ মিনিট, আকাশবাণীতে ২১৮ মিনিট, ভারতীয় জাতীয় কংগ্রেস দূরদর্শনে ১৭৬ মিনিট, আকাশবাণীতে ১৭৬ মিনিট, বিজেপি দূরদর্শনে ৫১ মিনিট, আকাশবাণীতে ৫১ মিনিট, সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস দূরদর্শনে ৪৫ মিনিট, আকাশবাণীতে ৪৫ মিনিট, বি এস পি দূরদর্শনে ৪৫ মিনিট, আকাশবাণীতে ৪৫ মিনিট, এন সি পি দূরদর্শনে ৪৫ মিনিট, আকাশবাণীতে ৪৫ মিনিট এবং সি পি আই দূরদর্শনে ৫১ মিনিট ও আকাশবাণীতে ৫১ মিনিট তাদের বক্তব্য সম্প্রচার করতে পারবে। এদিকে, আজ যে সকল রাজনৈতিক দলের প্রতিনিধিরা অনুপস্থিত ছিলেন তাদের জন্যও লটারির মাধ্যমে সময়সূচি নির্ধারণ করা হয়। তারাও এই সম্প্রচারের সুযোগ গ্রহণ করতে পারেন। আজ এই লটারি অনুষ্ঠানে দূরদর্শন কেন্দ্রের (আগরতলা) উপ-অধিকর্তা আর পুসুলোর, আকাশবাণী আগরতলা কেন্দ্রের সহ-অধিকর্তা অরুণ কুমার দাস ছাড়াও নির্বাচন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

পশ্চিম জেলার ছয়টি আসনের সাধারণ পর্যবেক্ষক নিযুক্ত

আগরতলা,৩১ জানুয়ারী ।। পশ্চিম ত্রিপুরা জেলার ৪-বড়জলা (এস সি), ৭-রামনগর এবং ৮-টাউন বড়দোয়ালি বিধানসভা নির্বাচন ক্ষেত্রের জন্য সাধারণ পর্যবেক্ষক নিযুক্ত হয়েছেন কৃষ্ণ কুমার নিরালা, আই এ এস। যোগাযোগের জন্য তাঁর মোবাইল নম্বর হলো - ০৯৪৮৫৪৫৪৩১৬। তিনি স্টেট গেস্ট হাউসের ২২৬ নম্বর কক্ষে অবস্থান করছেন।

পশ্চিম ত্রিপুরা জেলার ৫-খয়েরপুর, ১০-মজলিশপুর এবং ১১-মান্দাইবাজার (এস টি) বিধানসভা নির্বাচন ক্ষেত্রের জন্য সাধারণ পর্যবেক্ষক নিযুক্ত হয়েছেন ড. অখিলেশ কুমার মিশ্র, আই এ এস। তাঁর ফোন নম্বর হলো - ০৯৪৮৫৪৫৪৩১৪। তিনি স্টেট গেস্ট হাউসের ২২৭ নম্বর কক্ষে অবস্থান করছেন।

সাধারণ পর্যবেক্ষক কৃষ্ণ কুমার নিরালার সঙ্গে সাক্ষাতের সময় হলো প্রতি সোমবার, বুধবার এবং শুক্রবার স্টেট গেস্ট হাউসের নিজ কক্ষে সকাল সাড়ে দশটা থেকে সাড়ে এগারোটা পর্যন্ত। সাধারণ পর্যবেক্ষক ড. অখিলেশ কুমার মিশ্রের সঙ্গে সাক্ষাতের সময় হলো প্রতি সোমবার, বুধবার এবং শুক্রবার সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত স্টেট গেস্ট হাউসের নিজ কক্ষে।

আমবাসায় ভোট গ্রহণ কর্মীদের মহড়া

আমবাসা,৩০ জানুয়ারী ।। আসন্ন বিধানসভা নির্বাচন উপলক্ষে আজ কুলাই টাউন হলে ৪৭-আমবাসা (এস টি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের ভোট গ্রহণ কর্মীদের মহড়া অনুষ্ঠিত হয়। এই বিধানসভা নির্বাচনী ক্ষেত্রে ভোট গ্রহণ কেন্দ্র রয়েছে ৬৮টি। ভোট গ্রহণের কাজে রিজার্ভ সহ নিযুক্ত থাকবেন ৫৭৫ জন ভোট গ্রহণ কর্মী। আজ সকাল থেকে বিকাল পর্যন্ত তিনটি ধাপে ১৯৫ জন ভোট গ্রহণ কর্মীকে মহড়া দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের সহকারী নির্বাচন নিবন্ধন আধিকারিক শুভব্রত দে, আমবাসা মহকুমা শাসক কার্যালয়ের ডি সি এম কার্জন হালাম ভোট গ্রহণ কর্মীদের মহড়া দেন।

৪৫-কমলপুর ও ৪৬-সুরমা নির্বাচনী কেন্দ্রে পর্যবেক্ষক নিযুক্ত

কমলপুর,৩০ জানুয়ারী ।। কমলপুর মহকুমার ৪৫-কমলপুর ও ৪৬-সুরমা (এস সি) বিধানসভা কেন্দ্রের জন্য ২ জন নির্বাচনী পর্যবেক্ষক নিযুক্ত করা হয়েছে। ৪৫-কমলপুর (সাধারণ) ও ৪৬-সুরমা (এস সি) কেন্দ্রের জন্য সাধারণ পর্যবেক্ষক হলেন নিরূপমা দাঙ্গে (আই এ এস)। তাঁর মোবাইল নম্বর হলো ৯০১১০১৩৭৭৮। উভয় কেন্দ্রের জন্য ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষক হলেন অভিষেক চন্দ্র গুপ্তা (আই আর এস)। তাঁর মোবাইল নম্বর হলো ৭৮৩৮৭৫৪৬৪৯।

মহাত্মা গান্ধীর শহীদ দিবসে রাজ্যপালের শ্রদ্ধার্ঘ্য

আগরতলা,৩০ জানুয়ারী ।। জাতির জনক মহাত্মা গান্ধীর ৭০তম শহীদ দিবস উপলক্ষে আজ সকালে আগরতলাস্থিত গান্ধীঘাটে এবং সার্কিট হাউস সংলগ্ন গান্ধীমূর্তির পাদদেশে রাজ্যপাল তথাগত রায় পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানিয়েছেন।

উচ্চমাধ্যমিক : পরীক্ষা সূচির পরিবর্তন

আগরতলা,৩০ জানুয়ারী ।। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত নতুন ও পুরোনো সিলেবাসে ২০১৮ সালের উচ্চমাধ্যমিক (+২ স্টেজ), মাদ্রাসা ফাজিল (এইচ এস +২ স্টেজ), আর্টস পরীক্ষার জন্য প্রকাশিত বিজ্ঞপ্তির আংশিক পরিবর্তন করা হয়েছে। বিজনেস মেথামেটিক্স সহ বিজনেস ইকনোমিক্স এবং ইকনোমিক্স পরীক্ষা ৯ এপ্রিল, ২০১৮-এর পরিবর্তে ১১ এপ্রিল (বুধবার) দুপুর ১২টা থেকে বিকাল ৩টা ১৫ মিনিট পর্যন্ত অনুষ্ঠিত হবে। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ থেকে এই তথ্য জানানো হয়েছে।

বিশালগড়ে বইমেলা শুরু

বিশালগড়, ২৫ জানুয়ারী ।। বিশালগড় ত্রয়োদশ বইমেলা গতকাল থেকে শুরু হয়েছে। অফিসটিলা যুবক সংঘ প্রাঙ্গণে আয়োজিত এই বইমেলা চলবে ২৮ জানুয়ারী পর্যন্ত। এবারের বইমেলাতে রয়েছে ২৩টি ষ্টল। গতকাল সন্ধ্যায় এক অনুষ্ঠানের মধ্য দিয়ে বইমেলার উদ্বোধন করেন রাজ্যের বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক ঋতেন চক্রবর্তী। বইমেলার উদ্বোধন করে তিনি বলেন, বই মানুষের মনকে জাগ্রত করে। তাই নব প্রজন্মকে আরো বেশী করে বইয়ের প্রতি আকৃষ্ট করতে হবে। বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিশেষ অতিথি ত্রিপুরা পাবলিশার্স গিল্ডের সম্পাদক রঘুনাথ সরকার ও অনুষ্ঠানের সভাপতি বিশালগড় দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রধান শিক্ষক রঞ্জিৎ ভৌমিক। স্বাগত ভাষণ রাখেন বিশালগড় পুর পরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক জয়দীপ চক্রবর্তী। পাঁচ দিনব্যাপী বইমেলা উপলক্ষ্যে প্রতিদিন সন্ধ্যায় মেলার মুক্তমঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা সভা ও কবি সম্মেলন অনুষ্ঠিত হবে।

ধলাই জেলা ভিত্তিক বার্ষিক পুষ্প প্রদর্শনী

আমবাসা, ২৫ জানুয়ারী ।। হর্টিকালচারাল সোসাইটি অব ত্রিপুরা ধলাই চাপ্টারের উদ্যোগে প্রজাতন্ত্র দিবস উদযাপনের অঙ্গ হিসাবে গতকাল থেকে আমবাসা কালীবাড়ী নাট মন্ডপে ধলাই জেলা ভিত্তিক বার্ষিক পুষ্প প্রদর্শনী শুরু হয়েছে। এই পুষ্প প্রদর্শনী চলবে ২৬ জানুয়ারী পর্যন্ত। ধলাই জেলা উদ্যান ও ভূমি সংরক্ষণ কার্যালয়ের উপ-অধিকর্তা রাজীব ভট্টাচার্য প্রদীপ প্রজ্জ্বলন করে তিন দিনব্যাপী ধলাই জেলা ভিত্তিক বার্ষিক পুষ্প প্রদর্শনীর উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন সোসাইটির ধলাই জেলা চাপ্টারের সদস্য সত্যব্রত চক্রবর্তী, জেলা উদ্যান ও ভূমি সংরক্ষণ কার্যালয়ের সহ অধিকর্তা চন্দন কুমার বণিক, সহ অধিকর্তা বিশ্বজিৎ দাস প্রমুখ। তিন দিনব্যাপী ধলাই জেলা ভিত্তিক বার্ষিক পুষ্প প্রদর্শনীতে জেলার বিভিন্ন এলাকার ২৩ জন ফুলচাষী ৩৭৪টি বিভিন্ন প্রজাতির ফুল নিয়ে অংশ গ্রহণ করেছেন। প্রতিদিন বিকেল চারটা থেকে রাত আটটা পর্যন্ত পুষ্প প্রদর্শনী উন্মুক্ত থাকবে।